

সেপ্টেম্বর 2018

প্রিয় পিতামাতা/অভিভাবক,

আমরা আনন্দিত যে আপনি এবং আপনার সন্তান এই স্কুল বছরে আমাদের 3-কে ফর অল কর্মসূচিসমূহের একটিতে যোগদান করছেন। আপনার সন্তানের শিক্ষক এবং প্রশাসক আনন্দপূর্ণ ও ইন্টারঅ্যাকটিভ পার্টের মাধ্যমে তার কিন্ডারগার্টেন এবং জীবনব্যাপী শিক্ষণের জন্য প্রয়োজনীয় ভিত্তি তৈরি করবেন। এইসব প্রচেষ্টার অন্তর্ভুক্ত আপনার সন্তানের সামাজিক এবং অ্যাকাডেমিক দক্ষতার বিভিন্ন বিষয়ের অগ্রগতির প্রতি নজর রাখাসহ স্কুল বছরে তার ভাষার উন্নতির প্রতিও খেয়াল দেয়া।

বছরের শুরুতে, কর্মসূচিগুলি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন বিধিগুলি অনুযায়ী শিক্ষার্থীদের বেড়ে-ওঠা এবং শিক্ষা-নির্দেশনার সম্ভাব্য কী কী চাহিদা রয়েছে সেই অনুযায়ী তাদের বাছাই করে। আপনার সন্তানকেও ভর্তির 45 দিনের মধ্যে তার ক্লাসরুম শিক্ষক আর্লি ইনভেনটরি স্ক্রিনিং-রিভাইজড (ESI-R®) অথবা তুলনামূলক অন্য কোন বৃদ্ধি বাছাইয়ের মাপকাঠি ব্যবহার করে মূল্যায়ন করবেন।

এই বাছাই আপনার সন্তানের শিক্ষকের জন্য তার বৃদ্ধি এবং শিক্ষা চাহিদা সম্পর্কিত বিভিন্ন দিকগুলি আরও বেশি জানতে সহায়ক হবে। এই বাছাই তাকে কিন্ডারগার্টেনের জন্য সে প্রস্তুত কিনা সেটি নির্ধারণ করে না। এটি তার আইকিউ টেস্ট অথবা গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ভর্তি সম্পর্কিত টেস্টও নয়। আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে এই মূল্যায়নের ফলাফল শেয়ার করবেন।

আমরা আপনাকে আপনার সন্তানের শিক্ষক প্রদত্ত পিতামাতার জন্য প্রশ্নাবলির ডকুমেন্টটিও পূরণ করে ফেরত দেবার অনুরোধ জানাচ্ছি।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক অথবা আমাদের অফিসের সাথে [earlychildhood@schools.nyc.gov](mailto:earlychildhood@schools.nyc.gov) ঠিকানায় যোগাযোগ করুন।

আর্লি চাইল্ডহুড রিসোর্স সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট <https://www.schools.nyc.gov/school-life/learning/grade-by-grade/early-childhood-learning> দেখুন।

বিনীত,

যশ ওয়ালাক

ডেপুটি চ্যান্সেলর ফর আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড স্টুডেন্ট এনরোলমেন্ট

